

## “সেকি অন্য তত্ত্ব মানে, মানুষ তত্ত্ব যার সত্য হৃদয়ে”

করোনাভাইরাসের ভয়াবহ দরিত্র মানুশেরা যখন ভীষণ সংকটে তখন নিজ ইউনিয়নের অসহায় মানুষের ঘরে ঘরে খাদ্যসামগ্রী পৌঁছে দিচ্ছে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন ইয়ুথ ইউনিট। ইয়ুথ লিডাররা মটমুড়া গ্রামের ৪০টি অতিদরিদ্র পরিবারের জন্য খাদ্য সহায়তার ব্যবস্থা করেছেন। স্থানীয় জনপ্রতিনিধি এবং সমাজসেবীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে গত ২৭ এপ্রিল তারা পরিবারগুলোকে মাঝে খাদ্যসামগ্রী পৌঁছে দেন। প্রতিটি পরিবারের জন্য ছিল পাঁচ কেজি চাল, দুই কেজি আলু, এক কেজি ডাল, আধা লিটার তেল, আধা কেজি লবণ, একটা সাবান ও অল্প পরিমাণ মসলা।



এছাড়াও গ্রামের প্রতিটি বাড়ি, রাস্তা, দোকান, মসজিদ, জনসমাগমপূর্ণ জায়গায় জীবাণুনাশক ওষুধ স্প্রে করেছেন মটমুড়া ইয়ুথ ইউনিটের সক্রিয় সদস্যরা। করোনাভাইরাস সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হ্যান্ড মাইক দিয়ে প্রচার অভিযান ও দোকানে দোকানে রঙ দিয়ে এক মিটার পর পর গোলাকৃতির চিহ্ন এঁকে জনগণকে সামাজিক দূরত্ব বজায় রাখতে উদ্বুদ্ধ করেন তারা।

মানবিক দায়িত্ববোধের চেতনা থেকে তাদের এ কার্যক্রম চালিয়ে যাবার প্রত্যয় ব্যক্ত করে ইয়ুথ লিডার কামরুল ইসলাম বলেন, এমন দুর্ঘাণের মুহূর্তে মানুষের পাশে দাঁড়াতে পেরে আমরা গর্ববোধ করছি। এ কাজে আজ আমি একা নই, আরও সক্রিয় পাঁচ জন সদস্য সহযোগিতা করে চলেছেন।

প্রতিবেদন: অধীশ দাশ

## সাতক্ষীরার স্বচ্ছাত্রীরা দাঁড়িয়েছেন কৃষকের পাশে

করোনা ভাইরাস মহামারি আকারে ধারণ করায় বর্তমানে জমির ধানকাটা নিয়ে মুশকিলে পড়েছে গ্রামের সাধারণ কৃষক সমাজ। জমির পাকা ধান কাটার শ্রমিক পাওয়া যাচ্ছে না। সময়মতো ধান কাটতে না পারলে চরম ক্ষতির সম্মুখীন হতে হবে তাদের। কৃষকের এই সংকটের সময় স্বচ্ছাত্রী ধান কাটার জন্য এগিয়ে আসলেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের অনুপ্রেরণায় সংগঠিত কিছু স্বচ্ছাত্রী মানুষ, সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলার বিষ্ণুপুর ইউনিয়নের ইয়ুথ এন্ডিং হাঙ্গার এবং গ্রাম উন্নয়ন দলের সদস্যরা। তারা ২৫ জন সদস্য মিলে এ পর্যন্ত প্রায় ১০ একর জমির ধান কেটে দিয়েছেন এবং বিপদাপন্ন কৃষকের ধান কাটার



জন্য প্রস্তুত রয়েছেন। এ প্রসঙ্গে ইয়ুথ লিডাররা বলেন, বিপদের সময় আমরা মানুষের জন্য সব সময় কাজ করি। শুধু স্বচ্ছাত্রী ধান কাটা নয়, আমরা বর্তমান পরিস্থিতিতে অসহায় মানুষদের সাধ্যমতো সহযোগিতা করছি। যতদিন এই সংকট থাকবে, ততদিন আমরা কাজ করে যাব।

## হবিগঞ্জের ইয়ুথ লিডারদের মানবিক উদ্যোগ

করোনা মহামারী থেকে এলাকার মানুষদের সুরক্ষিত রাখতে ইয়ুথ এন্ডিং হাঙ্গার হবিগঞ্জ জেলা কো-অর্ডিনেটর মোতালিব তালুকদার দুলাল এর নেতৃত্বে ইয়ুথ লিডাররা বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছেন। নাম প্রকাশে অনিচ্ছুক একজন প্রবাসীর আর্থিক সহযোগিতায় এপ্রিল মাসে তারা সদর উপজেলার পাইকপাড়া, ফকিরাবাদ, মিঠুরচক, নিজামপুর গ্রামের ৬০টি অতিদরিদ্র পরিবারকে খাদ্য সহায়তা প্রদান করেছেন। প্রতিটি পরিবারকে তারা সাড়ে তিন কেজি চাল, আড়াই কেজি আলু, এক কেজি করে পিঁয়াজ ও ডাল, ২৫০ গ্রাম রসুন, এক লিটার তেল, আধা কেজি করে লবণ ও ছোলা এবং একটি সাবান দিয়েছেন। এতে মোট খরচ হয়েছে ২৫,০০০ টাকা।

মানবিক সহায়তার এই কর্মসূচি ইয়ুথ লিডাররা ও গ্রামের সামাজিক সংগঠন ‘সাম্যবীণা সমাজকল্যাণ সংস্থা’র সদস্যবৃন্দ যৌথভাবে সম্পন্ন করেছেন।



বই পড়া ও

### রিভিউ প্রতিযোগিতা

বই পড়ে সময় কাটাবো

বিস্তারিত Youth Ending Hunger Bangladesh ফেসবুক পেজ বা গ্রুপে



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি  
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব  
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ  
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org

yeh.thpbd.org | thpbd.org

facebook.com/YEHBD

হেবাল্ডিক হাউস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)  
রুক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।  
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

THE HUNGER PROJECT